



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর  
www.jessoreboard.gov.bd

স্মারক নং-মানি -৮৯৩

তারিখ : ০৯-০৩-২০১৬ খ্রি.

বিষয় : ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে নবম শ্রেণিতে এবং ২০১৬ সালে ৬ষ্ঠ, ৭ম ও ৮ম শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের তথ্য অনলাইনে আপলোড ও নিবন্ধন কার্যক্রম সম্পন্ন প্রসঙ্গে।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে উপযুক্ত বিষয়ে অত্র বোর্ডের আওতাধীন সকল মাধ্যমিক বিদ্যালয়/কলেজের প্রধান শিক্ষক/অধ্যক্ষকে জানান যাচ্ছে যে, ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে নবম শ্রেণিতে এবং ২০১৬ সালে ৬ষ্ঠ, ৭ম ও ৮ম শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের তথ্য অনলাইনে আপলোড ও নিবন্ধন কার্যক্রম আগামী ১০-০৩-২০১৬ খ্রি. তারিখ সকাল ৯.০০ টা থেকে ২৫-০৩-২০১৬ খ্রি. তারিখ রাত ১১.৫৯ টা পর্যন্ত সময় নির্ধারণ করা হয়েছে; উক্ত সময়ের মধ্যে অনলাইনে নিবন্ধন কার্যক্রম সম্পন্ন করতে না পারলে ব্যর্থতার দায়ভার সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কর্তৃপক্ষকে বহন করতে হবে।

সকল শিক্ষার্থীদের নিবন্ধন কার্যক্রম সম্পন্ন করার পর ০৭-০৪-২০১৬ খ্রি. তারিখের মধ্যে ০২ (দুই) কপি প্রিন্ট আউট ও ব্যাংক ফিস জমা দেওয়ার রশিদ বিদ্যালয় পরিদর্শকের দপ্তরে জমা দেয়ার জন্য অনুরোধ করা হ'ল।


উল্লেখ্য, ২০১৫-২০১৬ শিক্ষাবর্ষে দশম শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের বিভাগ/বিষয়/জেতার সংশোধন বর্ণিত সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে।

নিম্নলিখিত নির্দেশাবলী সতর্কতার সাথে অবলম্বন করার জন্য অনুরোধ করা হ'ল

- ১। প্রত্যেক শিক্ষার্থীর সকল তথ্য নির্ভুলভাবে এন্ট্রি করতে হবে
- ২। নির্দিষ্ট স্থানে শিক্ষার্থীর ছবি লাগাতে হবে
- ৩। কোন অবস্থায় অন্য প্রতিষ্ঠানে অধ্যয়নরত শিক্ষার্থীর বোর্ডের অনুমতি ব্যতিরেকে নিবন্ধন প্রক্রিয়ায় যুক্ত করা যাবে না
- ৪। একই শিক্ষার্থীর তথ্য একাধিকবার এন্ট্রি করা যাবে না।

অধ্যক্ষ/প্রধান শিক্ষক  
অত্র বোর্ডের আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠান

স্মারক নং-মানি -৮৯৩

  
(ড. মোঃ আহসান হাবীব)

বিদ্যালয় পরিদর্শক  
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড  
যশোর

তারিখ : ০৯-০৩-২০১৬ খ্রি.

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হল-

- ১। জেলা প্রশাসক, অত্র বোর্ডের আওতাধীন সকল জেলা
- ২। সচিব, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
- ৩। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
- ৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর (ওয়েব সাইটে প্রচারের জন্য)
- ৫। উপ-পরিচালক (হি ও নি), মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
- ৬। জেলা শিক্ষা অফিসার, অত্র বোর্ডের আওতাধীন সকল জেলা
- ৭। সকল অফিসার, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
- ৮। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
- ৯। সেকশন অফিসার ও সমপর্যায়ভুক্ত অফিসার, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
- ১০। হিসাব গ্রহণ বিভাগ, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
- ১১। সংরক্ষণ নথি

(ড. মোঃ আহসান হাবীব)  
বিদ্যালয় পরিদর্শক  
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড  
যশোর





মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর  
[www.jessoreboard.gov.bd](http://www.jessoreboard.gov.bd)

স্মারক নং-মানি/বিজ্ঞপ্তি/ -৮৯৪


তারিখঃ ০৯-০৩-২০১৬

সংশোধিত বিজ্ঞপ্তি

কর্তৃপক্ষের নির্দেশক্রমে উপযুক্ত বিষয়ে অত্র বোর্ডের আওতাধীন সকল মাধ্যমিক বিদ্যালয়/কলেজের প্রধান শিক্ষক/অধ্যক্ষকে জানান যাচ্ছে যে, অত্র বোর্ডের ০১-০৩-২০১৬ তারিখ মানি/বিজ্ঞপ্তি - ৮৮৯ নং বিজ্ঞপ্তির আংশিক সংশোধন করা হ'ল-

৮ম শ্রেণির স্কাউট ফিস- ছাত্র প্রতি-১০/ (দশ) টাকা হারে আদায় করে আদায়কৃত অর্থের ৬০ শতাংশ সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানে (আলাদা হিসাব একাউন্টে) যুব রেড ক্রিসেন্ট কার্যক্রম পরিচালনার জন্য রেখে অবশিষ্ট ৪০ শতাংশ সংশ্লিষ্ট শিক্ষা বোর্ডে প্রেরণ করবে।

৯ম ও ১০ম শ্রেণিতে (১০+১০)= ২০/- (বিশ) টাকা হারে আদায় করে আদায়কৃত অর্থের ৬০ শতাংশ সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানে (আলাদা হিসাব একাউন্টে) যুব রেড ক্রিসেন্ট কার্যক্রম পরিচালনার জন্য রেখে অবশিষ্ট ৪০ শতাংশ সংশ্লিষ্ট শিক্ষা বোর্ডে প্রেরণ করবে।

  
(ড. মোঃ আহসান হাবীব)

বিদ্যালয় পরিদর্শক  
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড  
যশোর

অধ্যক্ষ/প্রধান শিক্ষক  
অত্র বোর্ডের আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠান

কার্যার্থে :

১। সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর। (ওয়েব সাইটে প্রচারের জন্য)।

২। সংরক্ষণ নথি।

(ড. মোঃ আহসান হাবীব)

বিদ্যালয় পরিদর্শক  
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড  
যশোর

